

অ্যাসেসমেন্ট-২০২০

শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: বাংলা ২য়

ক- বিভাগ

জ্ঞানমূলকপ্রশ্ন: ২০টি

২০

১. অক্ষর কী?
২. ভাষার লিখন ব্যবস্থা কত প্রকার ও কী কী?
৩. মৌলিক স্বরধ্বনি কয়টি?
৪. 'ঢাকেশ্বরী' ও 'শুভেচ্ছা' সন্ধি বিচ্ছেদ কর।
৫. অনুলিপি কোন শব্দের পারিভাষিক শব্দ?
৬. হ্ কী জাতীয় ধ্বনি?
৭. সম্বোধন পদের পরে কী বসে?
৮. বিরাম চিহ্নের অপর নাম কী?
৯. Analysis, Adviser শব্দের পারিভাষিক শব্দগুলো কী কী?
১০. 'প্রসূতি' শব্দের ২টি সমার্থক শব্দ লিখ।
১১. অ কিংবা আ ধ্বনির পরে ই কিংবা ঈ থাকলে উভয় মিলে কী হয়?
১২. ব্যঞ্জনদ্বিত্ব ছাড়া সব ব্যঞ্জনসংযোগকে কী বলে?
১৩. সাধু ভাষার জন্ম কত সালে?
১৪. কোনটি নবীন ভাষা?
১৫. অস্বচ্ছ যুক্তব্যঞ্জন কাকে বলে?
১৬. বিপরীত শব্দ কাকে বলে?
১৭. 'আলো' ও 'গ্রহণ' শব্দের বিপরীত শব্দ লিখ।
১৮. শব্দের সংক্ষিপ্ত ব্যবহারের ক্ষেত্রে কোন চিহ্ন ব্যবহার করা হয়?
১৯. বাক্যের শেষে কয়টি বিরাম চিহ্ন ব্যবহার করা হয়?
২০. হাইফেনে বিরতি কাল কত?

খ- বিভাগ

১. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:

৫

সারাংশ

মা-মরা মেয়ে মিনু। বাবা জন্নের আগেই মারা গেছে। সে মানুষ হচ্ছে এক দূরসম্পর্কের পিসিমার বাড়িতে।  
বয়স মাত্র দশ, কিন্তু এ-বয়সেই সব রকম কাজ করতে পারে সে। লোকে অবশ্য বলে যোগেন বসাক মহৎ  
লোক বলেই অনাথা বোবা মেয়েটাকে আশ্রয় দিয়েছেন। মহৎ হয়ে সুবিধাই হয়েছে যোগেন বসাকের।  
পেটভাতায় এমন সর্বগুণাখিতা চকিশ ঘণ্টার চাকরানি পাওয়া শুরু হতো তাঁর পক্ষে। বোবা হওয়াতে আরও  
সুবিধা হয়েছে, নীরবে কাজ করে। মিনু শুধু বোবা নয়, কালাও। অনেক চেষ্টায়ে বললে, তবে শুনতে পায়।  
সব কথা শোনার দরকার হয় না তার। টেটনাড়া আর মুখের ভাব দেখে সব বুঝতে পারে। এ ছাড়া তার  
আর-একটা ষষ্ঠ ইন্দ্রিয় আছে যার সাহায্যে সে এমন সব জিনিস বুঝতে পারে, এমন সব জিনিস মনে-মনে  
সৃষ্টি করে, সাধারণত বুঝিতে যার মানে হয় না। মিনুর জগৎ চোখের জগৎ, দৃষ্টির ভেতর দিয়েই সৃষ্টিকে  
গ্রহণ করেছে সে।

অথবা সারমর্ম

সার্থক জনম আমার জন্মেছি এই দেশে  
সার্থক জনম মা গো, তোমায় ভালোবেসে।  
জানি নে তোর ধনরতন  
আছে কি না রানির মতন,  
শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।  
কোন বনেতে জানি নে ফুল  
গন্ধে এমন করে আকুল,  
কোন গগনে ওঠে রে চাঁদ এমন হাসি হেসে।  
আঁখি মেলে তোমার আলো  
প্রথম আমার চোখ জুড়ালো  
ওই আলোতে নয়ন রেখে মুদব নয়ন শেষে।

২. যে কোন একটি প্রশ্নের উত্তর দাও:

৫

অনুধাবন লিখ:

রাজার দল এখন আর নেই। গুপ্ত-খড়্গ, পাল-সেন, পাঠান-মুঘল, কোম্পানি-রানি এদের কাল শেষ হয়েছে। আজকের দুই কবিও হয়তো দুই প্রান্তে বসে কবিতা লিখছেন। একজন লিখছেন সমৃদ্ধির কথা, বিলাসের কথা, আনন্দের কথা; আরেকজন ছবি আঁকছেন নিদারুণ অভাবের, জ্বালাময় দারিদ্র্যের, অপরিসীম বেদনার।

- ক. কীসের দল এখন আর নেই?
- খ. কাদের দিন শেষ হয়েছে? কেন?
- গ. দুই কবির মিল কোন দিক থেকে? ব্যাখ্যা কর।
- ঘ. 'দুই কবির মধ্যে মিল থাকা সত্ত্বেও বিস্তর ব্যবধান।'- বুঝিয়ে দাও।
- ঙ. দ্বিতীয় কবির ভাবনার একটি উদহরণ দিয়ে বুঝিয়ে দাও।

অথবা অনুচ্ছেদ লিখ: (শীতের পিঠা)

৩. ভাবসম্প্রসারণ লিখ: যে কোন একটি

১০

আপনারে লয়ে বিব্রত রহিতে  
আসে নাই কেহ অবনী পরে,  
সকলের তরে সকলে আমরা  
প্রত্যেকে মোরা পরের তরে।

অথবা

পরিশ্রম সৌভাগ্যের প্রসূতি

৪. আবেদনপত্র লিখ: ১০

বড় বোনের বিয়ে উপলক্ষে প্রধান শিক্ষকের কাছে অগ্রিম ছুটির আবেদন লিখ

৫. রচনা লিখ যে কোন একটি

১০

ক) বর্ষাকাল

খ) সত্যবাদিতা